

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-২ শাখা
www.lgd.gov.bd

নং -৪৬.০০.০০০০.০৬৪.৩২.১১৬.১৫-২২৬

তারিখঃ ১৩ বৈশাখ ১৪৩৩
২৬ এপ্রিল ২০২৬

বিষয়: নলছিটি পৌরসভায় ২০২৪-২৫ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় আহবানকৃত দরপত্রের বিল ২০২৫-২৬ অর্থ বছরে প্রাপ্ত বরাদ্দ থেকে পরিশোধ করার বিষয়ে মতামত প্রদান সংক্রান্ত।

সূত্র: নলছিটি পৌরসভা কার্যালয় হতে প্রাপ্ত পত্র নং-১৯৩, তারিখ:০১৮/০৩/২০২৬ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নলছিটি পৌরসভায় ২০২৫-২৬ অর্থ বছরের বরাদ্দকৃত অর্থ থেকে ২০২৪-২৫ অর্থ বছরের আহবানকৃত দরপত্রের বিল পরিশোধ করা যাবে কিনা তার সুস্পষ্ট নির্দেশনা ও মতামত চেয়ে প্রশাসক, নলছিটি পৌরসভা এ বিভাগে পত্র প্রেরণ করেন। প্রেরিত পত্রে উল্লেখ করা হয় ২০২৪-২৫ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় (এডিবি) খাতে নলছিটি পৌরসভার অনুকূলে বরাদ্দকৃত অর্থের পরিমাণ ৯৬,০০,০০০/- (ছিয়ানব্বই লক্ষ) টাকা কিন্তু আহবানকৃত দরপত্রে টাকার পরিমাণ প্রায় ০৫ (পাঁচ) কোটি টাকা। প্রকৃতপক্ষে, নলছিটি পৌরসভায় ২০২৪-২৫ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় ০৪ (চার) কিস্তিতে 'সাধারণ বরাদ্দ' উপধাতে ৯৮.০০ লক্ষ (আটানব্বই লক্ষ) টাকা এবং 'বিশেষ বরাদ্দ' উপধাতে ৫০.০০ লক্ষ (পঞ্চাশ লক্ষ) টাকা বরাদ্দ দেওয়া হয়েছে। নলছিটি পৌরসভা কর্তৃক গৃহীত দরপত্র বিজ্ঞপ্তিতে অর্থের উৎস হিসেবে উন্নয়ন সহায়তা তহবিল, বিশেষ বরাদ্দ, নিজস্ব তহবিল, রাজস্ব তহবিল, মাননীয় মন্ত্রী মহোদয়ের অভিপ্রায় উল্লেখ রয়েছে, কিন্তু কোন খাত হতে কত টাকা ব্যবহৃত হবে সে বিষয়ে কোন উল্লেখ নাই।

০২। এছাড়া পৌর পরিষদের সভার কার্যবিবরণী এবং দরপত্র বিজ্ঞপ্তি অনুযায়ী পরিলক্ষিত হয় যে, বর্ণিত প্রকল্পসমূহ ২০২৩-২৪ অর্থবছরে গৃহীত হয়েছে, কিন্তু কার্যক্রম সম্পন্ন হয়েছে ২০২৪-২৫ অর্থবছরে, যা পিপিআর-২০০৮/২০২৫ এবং 'বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় পৌরসভার অনুকূলে উন্নয়ন সহায়তার অর্থ বরাদ্দ ও ব্যবহার নির্দেশিকা, ২০২৪' এর পরিপন্থী।

০৩। এমতাবস্থায়, নলছিটি পৌরসভায় বিবেচ্যপত্রে উল্লিখিত উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নে সরকারি বিধি-বিধান যথাযথ অনুসরণ করা হয়নি মর্মে প্রতীয়মান হয়। বর্ণিত অনিয়মের বিষয়ে তদন্ত করে সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে...১০(দশ)...ফর্দ।

(আশফিকুন নাহার)

উপসচিব

ফোন: ০২-২২৩৩৫৫৫৭২

e-Mail: lgpaura2@lgd.gov.bd

উপপরিচালক

স্থানীয় সরকার

জেলা প্রশাসকের কার্যালয়

ঝালকাঠি।

অনুলিপি:

১. অতিরিক্ত সচিব (পৌরসভা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. যুগ্মসচিব (পৌরসভা-১ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. জেলা প্রশাসক, ঝালকাঠি।
৪. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. প্রশাসক, নলছিটি পৌরসভা, ঝালকাঠি।
৬. সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।